# Times Today BD

ইমরান হোসেন রাজ | খুলনা | 17 July, 2025

যশোরের অভয়নগরে আলোচিত তরিকুল হত্যা মামলার ঘটনায় জড়িত পাঁচ আসামিকে গ্রেপ্তার করেছে জেলা গোয়েন্দা শাখা (ডিবি) পুলিশ। একই সঙ্গে হত্যাকাণ্ডে ব্যবহৃত একটি বিদেশি পিস্তল ও এক রাউন্ড তাজা গুলি উদ্ধার করা হয়েছে।

যশোর ডিবি পুলিশের অফিসার ইনচার্জ পরিদর্শক মো. মঞ্জুরুল হক ভূঁইয়ার নেতৃত্বে সাইবার ক্রাইম ইনভেস্টিগেশন সেলের একটি দল গত ১৫ ও ১৬ জুলাই যশোর জেলার কেশবপুর, মণিরামপুর এবং অভয়নগর থানাধীন বিভিন্ন এলাকায় অভিযান চালিয়ে এই সফলতা অর্জন করে।

প্রাথমিক অভিযানে ডিবি পুলিশ মিন্টু গাজী ৩৬, মো. হাসানুর রহমান ৪০, মো. বিল্লাল খাঁ ৩৮ এবং মো. আবু হুরায়রা ২৫ নামের চার আসামিকে গ্রেপ্তার করে পুলিশের জিজ্ঞাসাবাদে গ্রেপ্তারকৃতরা জানায় তরিকুল হত্যার কিছুদিন পর আসামী মিন্টু গাজী একটি বিদেশি পিস্তল আসামী হাসানুর রহমানের কাছে রেখে যায়।এরপর তরিকুল হত্যার মূল পরিকল্পনাকারী এবং স্থানীয় এক নেতার নির্দেশে হাসানুর সেই পিস্তলটি অপর আসামী বিল্লালের কাছে হস্তান্তর করে।বিল্লাল কিছুদিন আগে পিস্তলটি অভয়নগর থানাধীন বুইকারা এলাকার মেহেদী হাসানের কাছে রেখেছিল।গ্রেপ্তারকৃত আসামিদের দেওয়া তথ্যের ভিত্তিতে পুলিশ অভিযান চালিয়ে মেহেদী হাসান হৃদয়  কে গ্রেপ্তার করে।মেহেদী হাসানকে জিজ্ঞাসাবাদে তার বসতবাড়ির শোবার ঘর থেকে হত্যাকাণ্ডে ব্যবহৃত একটি সচল □.□□ মডেলের বিদেশি পিস্তল এবং এক রাউন্ড তাজা গুলি উদ্ধার ও জব্দ করা হয়।

এই ঘটনায় গ্রেপ্তারকৃত আসামিদের বিরুদ্ধে অভয়নগর থানায় অস্ত্র আইনে একটি মামলা রুজু করা হয়েছে এবং তাদের বিজ্ঞ আদালতে সোপর্দ করা হয়েছে।

পুলিশ মামলা

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 18 July, 2025 12:59

URL: https://timestodaybd.com/public/khulna/4927839528